

# প্রসবের আনয়ন ও স্থানান্তর

গর্ভবতী মহিলাদের/লোকদের  
জন্য তথ্য

Bengali

আপনার ব্যস্ত সময়ে, আপনি যাকে যত্ন করেন ও আপনার কাছে যা গুরুত্বপূর্ণ তা এখনও আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমরা আপনার সাথে সবকিছু নিয়ে কথা বলব এবং আপনি আমাদের কাছে যেকোন প্রশ্ন করতে পারেন।



# প্রসবের আনয়নে বিলম্ব

কোন কোন সময়ে প্রসূতি ইউনিটগুলি স্বাভাবিকের চেয়ে বেশি ব্যস্ত হয়ে যায়, বিশেষত যদি একই সময়ে প্রচুর শিশু আসতে চায়। যখন এমনটি ঘটেবে, আমাদের স্টাফে পরিবর্তন করতে হবে এবং জরুরী যত্নকে অগ্রাধিকার দিতে হবে। সব আনয়ন গুরুত্বপূর্ণ কিন্তু কোন-কোন সময়ে একটি আনয়ন বিলম্বিত করার প্রয়োজন হতে পারে বা অন্য হাসপাতালে স্থানান্তর করতে হতে পারে যারা আগে যত্ন প্রদান করতে পারে। এমনটি শুধু অস্বাভাবিক পরিস্থিতিতেই ঘটে।

এই খবরটি খুবই হতাশার হতে পারে, বিশেষ করে যখন আপনি শিশুর যত্ন, পারিবারিক পরিদর্শন ও আপনার শিশুর সাথে দেখা করার পরিকল্পনা করে থাকবেন। আপনি উদ্বিগ্ন থাকতে পারেন যে আপনার ও আপনার শিশুর জন্য অপেক্ষা করা কতটা নিরাপদ।

- যদি আপনার জন্য কিছু খুবই কঠিন বা সত্যিই গুরুত্বপূর্ণ হয়, তাহলে এই বিষয়ে আমাদের সাথে কথা বলুন, আমরা হয়তো আলাদা কিছু করতে পারব না, কিন্তু আমরা সবসময় জানতে চাই যে আপনি কেমন অনুভব করছেন।
- প্রসব আনয়ন শুরু বা চালিয়ে যেতে বিলম্ব হবে শুধুমাত্র যদি এটি করা নিরাপদ হয় এবং হাসপাতালের স্টাফের পরিকল্পনা অনুযায়ী এটি চালিয়ে যাওয়ার জন্য যথাসাধ্য প্রচেষ্টা করেছে।

বিলম্বের সময়, একজন ধাত্রী আপনার শিশুর গতিবিধি এবং আপনি কেমন অনুভব করছেন সে সম্পর্কে আপনার সাথে কথা বলতে পারে। আপনি যদি বাড়িতে থাকেন, তবে আপনাকে চেক-আপের জন্য হাসপাতালে আসতে বলা যেতে পারে। এটিতে শিশুর পর্যবেক্ষণ (CTG), একটি স্ক্যান বা অন্যান্য পরীক্ষা অন্তর্ভুক্ত থাকবে। আপনার আনয়নের জন্য অপেক্ষা করার সময় আপনাকে হাসপাতালে থাকতে বলা যেতে পারে; এই বিষয়ে আপনার সাথে আলোচনা করা হবে।

আপনি হাসপাতালে থাকুন বা বাড়িতে থাকুন, আপনি যদি উদ্বিগ্ন হন বা এই লক্ষণগুলির মধ্যে একটিও থাকে তবে প্রসূতি বিভাগে কল করুন বা হাসপাতালের ধাত্রীর সাথে কথা বলুন।

কল করার জন্য টেলিফোন নম্বর হল \_\_\_\_\_



যোনিপথে রক্তক্ষরণ



বর্ধিত ঘ্রাব, বিশেষ করে যদি এটি জলযুক্ত হয়



যদি জল ভেঙে যায়



যদি শিশুর নড়াচড়া কমে যায় বা পরিবর্তন হয়



অসুস্থ বোধ করা বা জ্বর হওয়া



আপনার পেটে ব্যথা, যা আসা যাওয়া করতে পারে বা সর্বদা সেখানে থাকতে পারে



চুলকানি



আপনার হাত, পা বা মুখ ফুলে যাওয়া



আপনার দৃষ্টি পরিবর্তন বা মাথাব্যথা

সবসময়ের মতো, আপনার শিশুর কার্যকলাপ জানা এবং যেকোনো পরিবর্তনের দিকে মনোযোগ দেওয়া গুরুত্বপূর্ণ

# অন্য হাসপাতালে স্থানান্তর

কোন-কোন সময়ে আপনাকে আপনার সন্তানের জন্য অন্য হাসপাতালে যাওয়ার প্রস্তাব দেওয়া যেতে পারে যাতে তারা তাড়াতাড়ি যত্ন প্রদান করতে পারে। আপনার সাথে আলোচনা করা হবে যদি এটি একটি বিকল্প হয়। এটি পুরোপুরি আপনার পছন্দ যে আপনি অন্য হাসপাতালে যাবেন কিনা।

কোথায় জন্ম দেবেন এটি আপনার পছন্দ এবং আপনার কাছে যা গুরুত্বপূর্ণ তা আমাদের কাছে গুরুত্বপূর্ণ। আপনি যেকোন প্রশ্ন জিজ্ঞাসা ও আলোচনা করতে পারবেন যদি এর কোনটি আপনার জন্ম দেওয়ার পছন্দকে প্রভাবিত করতে পারে।

আপনি যদি অন্য হাসপাতালে যেতে চান, তবে আপনার যত্ন নেওয়া দল নিশ্চিত করবে যে আপনি যে হাসপাতালে যাচ্ছেন, আপনার জন্মগত পছন্দ এবং ব্যক্তিগত যত্ন পরিকল্পনা (যদি আপনার কাছে থাকে) সহ সমস্ত গুরুত্বপূর্ণ তথ্য সেখানে রয়েছে। আপনার শিশুর জন্ম হয়ে গেলে, যখন আপনি বাড়িতে আসবেন তখন আপনার যত্নের পরিকল্পনা করতে তারা আপনার আসল হাসপাতালের সাথে যোগাযোগ করবে।



[southeastclinicalnetworks.nhs.uk/  
induction-of-labour](https://southeastclinicalnetworks.nhs.uk/induction-of-labour)

